

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৩, ২০১৮

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও

শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

ঢাকা-১২০৭, বাংলাদেশ।

আদেশ

তারিখ: ০২ অক্টোবর ২০১৮ খ্রিঃ

নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৭/২১০/প্রশাসন/৮৩—যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৬ অনুযায়ী সরকারের নির্দেশক্রমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, সিকিউরিটি মার্কেটের স্বার্থে বা উক্ত মার্কেটের উন্নয়নের জন্য, ইস্যুকৃত বিদ্যমান মেয়াদী মিউচুয়াল ফান্ড (Close-end Mutual Fund) সমূহের মেয়াদ পুনঃনির্ধারণ এর নিমিত্ত নির্দেশ প্রদান করা প্রযোজন;

অতএব, সেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর section 20A-তে প্রদত্ত ক্ষমতাবলে, বিদ্যমান মেয়াদী মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধানের শর্ত শিখিলপূর্বক এতদ্বারা নিম্নরূপ নির্দেশ প্রদান করিল, যথা:—

- (১) বিদ্যমান তালিকাভুক্ত মেয়াদী মিউচুয়াল ফান্ডের মেয়াদ সর্বোচ্চ ১০ (দশ) বছরের সমান আরো একটি মেয়াদ বর্ধিত করা যাইবে:

(১৩২৪৭)

মূল্য : টাকা ৮.০০

তবে শর্ত থাকে যে, বিদ্যমান কোন মেয়াদী মিউচ্যুয়াল ফান্ডের মেয়াদ সূচনা হইতে সর্বমোট ২০ (বিশ) বছরের অধিক হইবে না:

আরো শর্ত থাকে যে, বিদ্যমান মেয়াদী মিউচ্যুয়াল ফান্ডসমূহের মধ্যে যে সকল মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড বর্তমান মেয়াদ বৃদ্ধিতে ইচ্ছুক নয়, সে সকল ফান্ডের জন্য বিধিবিধান মোতাবেক রূপান্তর বা অবলুপ্তির সুযোগও অব্যাহত থাকিবে।

- (২) কমিশনের আদেশ নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৭/১০/পঃ/২০ তারিখ: জানুয়ারি ২৪, ২০১০ এর শর্তাবলি বিদ্যমান তালিকাভুক্ত মেয়াদী মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান।